

এবার পুজোয়.....

- রণদীপ ভট্টাচার্য

দোলায় চেপে মা এলেন হিমালয়ের কোলে ।
লক্ষ্মী,সরো,গনেশ,কাতু (তাই) আনন্দেতে দোলে ॥
মর্তে আবার আসা হল, একটি বছর পরে ।
তাই ছটফট করছে মন, টিকছে না তো ঘরে ॥

লক্ষ্মী গেলো হিমুর কাছে, বললো.....দাদুভাই ।
এবার কিন্তু আইনঙ্গে একটা সিনেমা দেখতে চাই ॥
স্বর্গে তো নেই মাল্টিপ্লেক্স,নেই ফুচকার স্টল ।
নাই সেখানে রোলের দোকান,কিংবা শপীং মল্ ॥

হিমু বলেন তার চেয়ে বরং চল্ বিলেতে যাই ।
কলকাতার এই একঘেয়েঁমিতে আনন্দ আর নাই ॥
মর্তরাজ্যের ডুক এয়ারে দিচ্ছে দেদার ছাড় ।
ব্যাংকক বেশি দূরেও নয়, বার্মার ঠিক ওপার ॥

ভারতীতে হচ্ছে পুজো,মন্দিরা নিয়েছে ভার ।
মন্জুলি করবে সহায়তা, সুমীতা, ঝাচিরা আর ॥
অনিবান আর অভি মিলে সংস্কৃতির কর্তা ।
মেনুতে আছে পোলাও, নান্ সাথে বেগুণ ভর্তা ॥

মৃণাল নাটকের নির্দেশক, সন্চিতা - শুভজীৎ এষ্টের ।
নাটকটা কিন্তু বেজায় হাসির, ওটাই বড় ফ্যান্টের ॥
অপর্ণা,তৃণা,শ্যামাপ্রসাদ,জয়শঙ্কর সবাই নাটকের অঙ্গ ।
অনিবান,শৌভিক,অণীমেষ,আর রণদীপ দেবে ওদের সঙ্গ ॥

জয়তী আবার করাচ্ছে গান, মোম ও পম্পী সাথে ।
কারাওকেতে গান শোনাবে রাজা ও দুর্বা তাতে ॥
শ্যামাপ্রসাদ আর রূপাও আছে, কিছু কথা কিছু গানে ।
ঝর্তুর প্ল্যানে এটাই ছিল, বাকিটা ও-ই জানে ॥

রোজী, প্রীতি, জয়তা, রূপা ও রাও আছে নাচে ।
এটা পম্পীর নির্দেশনায়, তবে সুমীও সঙ্গে আছে ॥
নাচ, গান ছাড়াও আছে, ছোটদের একটা নাটক ।
তোতন সেটার দায়িত্বে সাথে আছে আরো চটক ॥

শৌভিক আর জহর পেয়েছে ক্যাশ বাস্তৱের চাবি ।
অর্থনীতি ভালোই বোঝে, এটাই ওদের দাবী ॥
গৌরী, জয়তা, রূপা করছে ম্যাগাজিনের কাজ ।
সুদেষণা আর সাথীর ঘাড়ে পড়েছে স্টেজের সাজ ॥

অমিতাভ আর প্রবীর আছে ক্লাবের ম্যানেজমেন্টে ।
হল্টা হচ্ছে ইন্দো থাই, ওটাই নিয়েছে রেন্টে ॥
পুজোটা করবে শীশিরবাবু, ওতো কলকাতারই ছেলে ।
অনিন্দ্য সবার তুলবে ফটো লেন্সের সামনে পেলে ॥

পাবি সেথায় অনেক হাসি অনেক রসিকতা ।
শীশিরবাবুর সঙ্গে যাবো নেইকো মাথাব্যাথা ॥
করবে মোদের অনেক যত্ন, অনেক ভক্তি শ্রদ্ধা ।
ব্যাংককের পুজোয় আনন্দ অনেক, এই কথাটাই মোদ্দা ॥